দৈনিক খবর

তারিখ ... 14 FEB 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... ৬ ...

৩০/

10

# সরকারী উচ্চ বিদ্যালয়ে ৩শ' বিষয়ভিত্তিক শিক্ষক নেয়া হচ্ছে

।। খবর রিপোর্ট ।।

সরকারী উচ্চ বিদ্যালয়ে তিনশ' জন বিষয়ভিত্তিক সহকারী শিক্ষক নেয়া হচ্ছে। এ ব্যাপারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর দরখাস্ত আহবান করেছে। চলতি মাসের ২৫ তারিখের মধ্যেই দরখাস্ত ব্যক্তিগতভাবে অথবা

শেষ পৃষ্ঠায় ৮ম কলামে

## সরকারী উচ্চ

প্রথম পৃষ্ঠার পর

রেজিস্টার্ড ডাকে অধিদফতরে পাঠাতে হবে।

অধিদফতরের এক সূত্রে জানা গেছে, সরকারী উচ্চ বিদ্যালয়সমূহের বিভিন্ন বিষয়ে প্রায় ২৭০টি শূন্য পদ রয়েছে। অল্প কিছুদিনের মধ্যে আরো কিছু পদ শূন্য হবে। এজন্য অধিদফতর সহকারী শিক্ষকদের একটি প্যানেল তৈরীর উদ্যোগ গ্রহণ করেছে।

সূত্রটির মতে, প্রার্থীর সংখ্যার উপর পরীক্ষা কেন্দ্রের সংখ্যা কত হবে তা নির্ভর করছে। প্রার্থীর সংখ্যা কম হলে রাজধানী ঢাকায় পরীক্ষার ব্যবস্থা নেয়া হবে।